জাতিসংঘ সাপ্তাহিক সংবাদ সংক্ষেপ

সংখ্যা - জুন ২০০৮/০১

জাতিসংঘ তথ্য কেন্দ্র,ঢাকা

সংবাদ শিরোনাম

* বিশ্ব শ্রেনীকক্ষের জন্য প্রদত্ত বার্তায় জাতিসংঘ মহাসচিবের ভবিষ্যৎ নেতাদের প্রতি 'উচ্চ স্বপ্ন' দেখার জন্য আহ্বান
* রোম সম্মেলনে খাদ্য সংকট মোকাবেলায় জাতিসংঘের তহবিল বৃদ্ধির ঘোষণা
* প্রত্যন্ত গ্রামগুলোতে নবায়নকৃত জ্বালানী সরবরাহের উদ্যোগ জাতিসংঘ কর্তৃক সম্মানীত
* গুচ্ছ বোমার ওপর নতুন বৈশ্বিক নিষেধাজ্ঞা লক্ষ লক্ষ তরুণ জীবন রক্ষা করবে- জাতিসংঘ সংস্থা
* ইসরাইল এবং হিজবুল-হর ইতিবাচক মানবিক পদক্ষেপকে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন স্বাগত জানিয়েছেন

বিশ্ব শ্রেনীকক্ষের জন্য প্রদত্ত বার্তায় জাতিসংঘ মহাসচিবের ভবিষ্যৎ নেতাদের প্রতি 'উচ্চ স্বপ্ন' দেখার জন্য আহ্বান

৬ জুন- জাতিসংঘ মহাসচিব বান কি-মুন আজ শিক্ষার্থীদের উচ্চ লক্ষ্য নির্ধারনে এবং একটি আরও উন্নত ও ন্যায়পরায়ণ বিশ্বে বসবাসের জন্য প্রস্তুতি নিতে আহ্বান জানান।

আজ লস এঞ্জেলসে্ বিশ্ব শ্রেনীকক্ষ সভায় এক ভিডিও বার্তায় তিনি বলেন, ' তোমরা কি পছন্দ করো সেটা বড় বিষয় নয়, আমি শুধু তোমাদের বড় বড় স্বপ্ন দেখতে বলব।' ' বেশি অর্থ উপার্জনের বা বেশি খ্যাতি অর্জনের স্বপ্ন নয় বরং মানুষকে বেশি সাহায্য করার স্বপ্ন দেখবে।'

জনাব বান অংশগ্রহনকারীদের, নিজের শৈশবে মডেল ইউএন-এর অভিজ্ঞতা বর্ণনা করে বলেন, তিনি একদিন জাতিসংঘের মহাসচিব হওয়ার স্বপ্ন দেখতেন। ' যা আমি ভেবে ছিলাম তার জন্য আমি চেষ্টা করেছি এবং আজ তা ঘটেছে আর এখন ছাত্রদের স্বপ্ন দেখার পালা।'

তিনি বলেন, আজকের সভায় অংশগ্রহনের মাধ্যমে এটাই প্রমাণীত হয় যে সারা বিশ্বের জন্য শিক্ষার্থীরা কতটা যত্নশীল। ' আমরা যেসব সমস্যার সম্মুখীন হই মানুষ হিসেবে তোমারা সেগুলো নিয়ে ভাবছ এবং এগুলোর সমাধান নিয়ে তোমরা চিন্তা করছ । এজন্য আমি তোমাদের অভিবাদন জানাই।

রোম সম্মেলনে খাদ্য সংকট মোকাবেলায় জাতিসংঘের তহবিল বৃদ্ধির ঘোষণা

৫ জুন- রোমে খাদ্য নিরাপত্তা সম্মেলনে অংশগ্রহণকারী জাতিসংঘের প্রতিনিধিবর্গ আজ ক্ষুধা মোকাবেলা এবং কৃষির দীর্ঘ মেয়াদী উন্নয়নে উলে-খ যোগ্য পরিমাণ তহবিল বৃদ্ধির ঘোষনা দেয়।

জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থা (FAO) থেকে প্রকাশিত এক বক্তব্যে বলা হয় বর্তমান বিশ্ব সংকটে বেশি ক্ষতিগ্রস্থ দেশগুলোর সাহাযার্থে, যাতে তারা আসন্ন কৃষি মৌসুমে নিজেদের জন্য বেশি শস্য উৎপাদন করতে পারে, কৃষি এবং গবেষনায় বেশি ব্যয় করে নিজেদের অব্যাহত খাদ্য নিরাপত্তা অর্জন করতে পারে তা নিশ্চিত করতে এ অর্থ ব্যয় করা হবে।

জাতিসংঘ কেন্দ্রীয় জরুরী ত্রাণ তহবিল (CERF) আজ ১০০ মিলিয়ন ডলার এবং বিশ্ব ব্যাংক ১.২ বিলিয়ন ডলার তহবিল প্রদানের ঘোষনা দেয়।

অন্যান দাতাদের মধ্যে আছে ইসলামিক উন্নয়ন ব্যাংক, ফ্রান্স, আফ্রিকা উন্নয়ন ব্যাংক, স্পেন, যুক্তরাজ্য, জাপান, কুয়েত, নেদারল্যান্ডস্, ভেনিজুয়েলা এবং নিউজিল্যান্ড।

খাদ্য দ্রব্যের মুল্য বৃদ্ধি থেকে সৃষ্ট সাম্প্রতিক খাদ্য সংকট মোকাবেলায় আযোজিত আজ সমাপ্ত হতে যাওয়া তিন দিনব্যাপী এই ফোরামে ৪০ টিরও বেশি দেশের

রাষ্ট্রপ্রধানগণ, ১৮১ টি দেশের প্রতিনিধিগণ এবং আন্তর্জাতিক সংস্থা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানসমুহের নেতৃবৃন্দ যোগ দেন।

স্পেনের প্রধান মন্ত্রী Jose Luis Rodriguez ঘোষনা করেন রোম শীর্ষ সম্মেলনের একটি ফলোআপ সম্মেলন আগামী শরতে স্পেনে অনুষ্ঠিত হবে।

প্রত্যন্ত গ্রামগুলোতে নবায়নকৃত জ্বালানী সরবরাহের উদ্যোগ জাতিসংঘ কর্তৃক সম্মানীত

৪ জুন- পেরু ও লাওসের বিচ্ছিন্ন এলাকার প্রত্যন্ত অঞ্চলের সম্প্রদায়ের মধ্যে বৈদ্যুতিক গ্রিড ছাড়া জ্বালানী সরবরাহের দুটি উদ্যোগের প্রয়োগ এ বছর জাতিসংঘ পরিবেশ কার্যক্রম (UNEP) এর সম্মানজনক সাসাতাওয়া পুরস্কারে ভুষিত হয়েছে।

পেরুর Practical Action ও লাওসের সানলাবব পল-ী জ্বালানী লিমিটডে এ দুটি প্রতিষ্ঠান দেশের ভেতর সবচেয়ে দুরবর্তী অঞ্চলের মানুষের কাছে সৌর ও জল শক্তি পৌছানোর মাধ্যমে বিস্তৃত করেছে। পাঁচ সদস্যের একটি বিচারক কমিটি পুরষ্কারের জন্য এ দুটি প্রতিষ্ঠানকে নির্বাচন করেন, যাতে বিজয়ীরা প্রত্যেকে ১ লক্ষ্য ডলার করে পাবেন।

তৃণমুল পর্যায়ে টেকসই কার্যক্রমকে উদ্দীপ্ত করার জন্য এ বছর পুরস্কারের প্রতিপাদ্য ছিল ' স্বল্প কাবর্ন সমৃদ্ধ অর্থনীতির দিকে চলা' যা এ বছর বিশ্ব পরিবেশ দিবস যা আগামীকাল পালিত হবে না তারও প্রতিপাদ্য বিষয়।

UNEP এর নির্বাহী পরিচালক Achim Steiner একবিংশ শতাব্দীর বিস্ময়কর চ্যালেঞ্জগুলোর কথা উলে-খ করে বলেন এগুলো মোকাবেলা করতে তৃণমুল পর্যায়ে যে বাস্তব সম্মত প্রকল্পগুলো কাজ করছে তা অভাবনীয় পরিবর্তন এনেছে।

তিনি বলেন যে Sunlabob ও Practical Action এর কাজ বিকল্প জ্বালানী তৈরির জন্য কেবল উন্নয়নশীল দেশের জন্যই নয় বরং উন্নত দেশের জন্য দৃষ্টান্ত হতে পারে।

২০০১ সালে প্রতিষ্টিত হবার পর সানলাবব লাওসের প্রত্যন্ত অঞ্চলে জ্বালানী সরবরাহ করেছে যেখানে অর্ধেকের কিছু কম জনগোষ্টির বৈদ্যুতিক গ্রিডের সাথে সংযোগ আছে। এই কোম্পানী ৭০ টি গ্রামের পরিবারগুলোকে বাড়িতে সৌরবিদ্যুৎ সংযোগ ভাড়া নেবার এবং কেরসিনের বাতি অপেক্ষা কম মুল্যের সৌরচুলি-র সংযোগ নেবার সুবিধা প্রদান করে। কেরসিন উচ্চ দুষন ঘটায়, অত্যন্ত বিপজ্জনক, পুড়ে যাওয়া ও অব্যাহত অগ্নি উদ্গিরণ ঘটায়।

সানলাবব প্রতি বছর ৫০০ সংযোগ স্থাপন করে এবং আগামী বছর ২৫০০টি এবং ২০১০ সালে ৫০০০ টি প্রতিস্থাপনের জন্য একটি নতুন বিনিয়োগ করবে।

পেরুর পুর্ব আন্দেস অঞ্চলে ৬৮ শতাংশ জনগণের বা ৫ মিলিয়ন জনগোষ্টির জ্বালানী প্রাপ্তির সুযোগ নেই। Practical Action এ অঞ্চলের ৫০ টি ব্যবস্থা সংযোগ স্থাপন ৩০০০০ জনগোষ্টিকে জল বিদ্যুৎ সরবরাহ করছে।

এই প্রকল্পটি স্থানীয় শিল্প কারখানাগুলোকে সহায়তা করছে কেননা এই প্রকল্পের বেশিরভাগ টারবাইন পেরুর ক্ষুদ্র ক্ষুদ্র কোম্পনীগুলো দ্বারাই তৈরি হয়েছে।

গুচ্ছ বোমার ওপর নতুন বৈশ্বিক নিষেধাজ্ঞা লক্ষ লক্ষ তরুণ জীবন রক্ষা করবে- জাতিসংঘ সংস্থা

৩ জুন- প্রাণনাশক গুচ্ছ বোমার ব্যবহার এবং স্থানান্তর সম্পর্কিত নতুন আন্তর্জাতিক চুক্তির ভুয়সী প্রশংসা করে জাতিসংঘ শিশু তহবিল গুচ্ছ বোমার ব্যবহারে লক্ষ লক্ষ শিশুর অবর্ণণীয় কষ্টের কথা উলে-খ করে।

সংস্থার উপ-নির্বাহী পরিচালক হিদলে এফ. জনসন বলেন, ' এটি একটি গুরুত্বপুর্ণ চুক্তি এবং UNICEF সব সরকারকে যত শিগ্রই সম্ভব এটি স্বাক্ষর ও অনুমোদন করতে আহ্বান জানায়।'

গত মাসে ডাবলিনে অনুষ্ঠিত গুচ্ছ বোমা সম্পর্কিত কুটনৈতিক সম্মেলনে ১১১ টি দেশের প্রতিনিধিগণ এ নতুন আন্তর্জাতিক কনভেনশনের দলিল গ্রহণে সম্মত হন।

আগামী ডিসেম্বরে অসলোতে যে চুক্তিটি স্বাক্ষরিত হতে যাচ্ছে সেটিতে সম্মত হতে মহাসচিবসহ জাতিসংঘের কর্মকর্তাগণ সকল সরকারের প্রতি আহ্বান জানান। মহাসচিব বান কি-মুন বলেন, 'এ চুক্তিটি বেসামরিক জনগনের সুরক্ষা সমৃদ্ধ করবে, মানবাধিকারকে শক্তিশালী করবে এবং উন্নয়নের সম্ভাবনা বাড়াবে।'

UNICEF এর মতে এই প্রাণনাশক অস্ত্রটি ছয় দশকেরও বেশি সময় ধরে ব্যবহৃত হয়ে আসছে এবং লাওস, ভিয়েতনাম, কম্বোডিয়া, আফগানিস্তান ও ইরাকের বিস্তৃত এলাকা জুড়ে এখনও এগুলো পুঁতে রাখা আছে।

গুচ্ছ বোমার ব্যবহারে হতাহতদের মধ্যে আনুমানিক ৪০ শতাংশ শিশু যারা বিবাদমান পক্ষগুলোর শত্রুতা শেষ হবার দীর্ঘদিন পরও আহত বা মৃত্যুবরণ করেছে। শিশুরা গুচ্ছ বোমা ব্যবহারের বিশেষ ঝুঁকিতে আছে কেননা ছোট ও উজ্জল বস্তুটি সহজেই শিশুদের আকর্ষণ করে ও কৌতুহলী করে তোলে।

নিজস্ব বৈশিষ্টের কারণে গুচ্ছ বোমা বিভিন্ন এলাকায় ব্যাপকভাবে বিস্তৃত হচ্ছে এবং সেগুলোকে বসবাসের অযোগ্য করছে। প্রায়ই বিদ্যালয় প্রাঙ্গনে এবং শিশুরা যেসব জায়গায় খেলাধুলা করে সেখানে বোমা সামগ্রী পাওয়া যায় ।

তিনি বলেন, ' বিশ্বে এখনও বিলিয়ন বিলিয়ন গুচ্ছ বোমা মজুত আছে, এই চুক্তি আগামী প্রজন্মের জন্য পৃথিবীকে নিরাপদ করতে সাহায্য করবে।

ইসরাইল এবং হিজবুল-াহর ইতিবাচক মানবিক পদক্ষেপকে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন স্বাগত জানিয়েছেন

২জুন- ইসরাইল কর্তৃক এক লেবাননী বন্দীকে এবং হিজবুল-াহ কর্তৃক ২০০৬ সালের যুদ্ধের পর বেচেঁ যাওয়া অবশিষ্ট ইসরাইলী যোদ্ধাদের মুক্তি দেয়াকে জাতিসংঘ মহাসচিব বান কি-মুন স্বাগত জানিয়েছেন।

যে সিদ্ধান্ত প্রস্তাব অনুসারে আগস্ট ২০০৬ সালে হিজবুল-াহর বিরুদ্ধে ইসরাইলের যুদ্ধ শেষ হয় তার বরাত দিয়ে মহাসচিবের মুখপাত্র বলেন, জনাব বান বিশ্বাস করেন এ ধরনের ঘটনা মানবতার জন্য একটি ইতিবাচক পদক্ষেপ যা নিরাপত্তা পরিষদের ১৭০১ সিদ্ধান্ত প্রস্তাবের একটি গুরুত্বপুর্ণ উপাদান।

এই সিদ্ধান্ত প্রস্তাবে যে নীল রেখা দ্বারা ইসরাইলী ও লেবাননী বাহিনীকে পৃথক করা হয়েছে তার প্রতি শ্রদ্ধা প্রদর্শন, বিদ্রোহীদের নিরস্ত্রীকরণ ও অস্ত্র চোরাচালান বন্ধ করতে লেবাননে জাতিসংঘ অন্তবর্তী বাহিনী, যে শান্তিরক্ষা মিশনটি ১৯৭৮ সাল থেকে সেখানে কাজ করছে তাকে শক্তিশালী করার আহ্বান জানানো হয়।

** ** **